স্কুলফুড

সামার স্কুলে কি খাবার দেয়া হয়?

- হ্যাঁ। অংশগ্রহণকারী স্কুল, পুলস্, পার্ক, অথবা আপনার নিকটবর্তী লাইব্রেরিতে 18 বছর এবং তার কম বয়সী সকল শিক্ষার্থীকে ফ্রি সামার খাবার প্রদান করা হয়। কোন আইডি, রেজিস্ট্রেশন, অথবা অন্য তথ্যের আবশ্যিকতা নাই। আপনার সবচেয়ে নিকটস্থ স্থানটি খুঁজতে, অনুগ্রহ করে 311 নম্বরে ফোন অথবা অনলাইনে 'স্কুলফুড ফিড ইওর মাইন্ড' অ্যাপ ডাউনলোড করুন বা 877-877 নম্বরে "NYCMEALS" টেক্সট করুন (ম্যাসেজ এবং ড্যাটার জন্য প্রচলিত হার প্রযোজ্য হতে পারে)।

সিটি ক্যালেন্ডারে 2018-এর সামার

এলিমেন্টারি এবং মিডল্ স্কুল

5 জুলাই – 9 অগাস্ট
সোমবার – বৃহস্পতিবার (এবং শুক্রবার, 6 জুলাই)

হাই স্কুল

5 জুলাই – 15 অগাস্ট
সোমবার - শুক্রবার

16 এবং 17 অগাস্ট নিউ ইয়র্ক স্টেট রিজেন্টস্ পরীক্ষার দিন

স্কুল শুরু এবং শেষের সময় ভিন্ন হতে পারে। প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার সন্তানের হোম স্কুলের সাথে যোগাযোগ করুন।

আরও তথ্য ও সহায়তার জন্য:

- ভর্তি এবং আবশ্যিক কাগজপত্রের জন্য, দেখুন: www.nyc.gov/schools/ChoicesEnrollment/NewStudents
- অনাবাসিক শিক্ষার্থীদের ফি সম্পর্কিত প্রশ্নের জন্য, ব্যুরো অভ নন-পাবলিক স্কুল পেয়েবলস্ বরাবরে: ব্রেন্ডা আন্তোয়ান-এর সাথে 718-935-4789 নম্বরে যোগাযোগ করুন।
- যাতায়াত সুবিধার তথ্যের জন্য, www.optnyc.org সাইট দেখুন কিংবা (718) 392-8855 নম্বরে ফোন করুন।
- স্কুলফুড সম্পর্কিত প্রশ্নের জন্য অথবা আপনার আশেপাশে কোথায় পাওয়া যাবে, জানতে চাইলে, www.schoolfoodnyc.org দেখুন, 'স্কুলফুড ফিড ইওর মাইন্ড' মোবাইল অ্যাপ ডাউনলোড করুন, 877-877 নম্বরে "NYCMeals" টেক্সট করুন, কিংবা 311 নম্বরে ফোন করুন।
- সামার স্কুল সম্পর্কিত সাধারণ অনুসন্ধানের জন্য, অনুগ্রহ করে sitc@schools.nyc.gov ঠিকানায় ইমেইল অথবা 311 নম্বরে ফোন করুন।

SUMMER IN THE CITY

/nycschools | /nycschools | /nycschools

SUMMER IN THE CITY

পরিবারের জন্য একটি গাইড

— 2018 —

সামার স্কুল শিক্ষার্থীদেরকে পরবর্তী গ্রেড স্তরে উত্তীর্ণ হবার প্রস্তুতিতে বাড়তি শিক্ষা সহয়তা প্রদান করে। যেসব শিক্ষার্থী সামার ক্লাস নেয় তারা বিভিন্ন দক্ষতা এবং জ্ঞান অর্জন করে যা তাদের আগামী স্কুল বছরগুলোতে প্রয়োজন হবে।

সামার স্কুলে যাবে এমন শিক্ষার্থীদের পরিবারের জন্য এই গাইডে বহুল জিজ্ঞাসিত প্রশ্নবলির উত্তর রয়েছে।

NYC Department of Education

T&I 27788 (Bengali)

প্রোমোশন (কে- 8 গ্রেড)

আমার সন্তানকে সামার স্কুলে যেতে হবে কি-না, আমি তা কী করে জানবো?

- ইংরেজি ভাষা শৈলী (ELA) এবং গণিতে শিক্ষার্থীদের অগ্রগতির ভিত্তিতে প্রিন্সিপ্যালগণ প্রোমোশনের সিদ্ধান্ত গ্রহণ করেন। পরবর্তী গ্রেড স্তরে সফল হবার জন্য শিক্ষার্থীরা প্রয়োজনীয় বিষয়ে পর্যাপ্ত জ্ঞান এবং দক্ষতা অর্জন করেছে কিনা সেটি নির্ধারণে স্কুলগুলি বহুবিধ মাপকাঠি ব্যবহার করে।
- যেসকল শিক্ষার্থী পরবর্তী গ্রেডের জন্য এখনও প্রস্তত নয় স্কুল তাদের প্রোমোশনের পোর্টফোলিও সম্পূর্ণ করে। প্রোমোশনের পোর্টফোলিওতে থাকে স্কুল বছরব্যাপী শিক্ষার্থীর কাজ এবং বিভিন্ন মূল্যায়ন। যদি কোন শিক্ষার্থীর প্রোমোশনের পোর্টফোলিও থেকে দেখা যায় যে, শিক্ষার্থী এখনও প্রোমোশনের মাপকাঠি পূরণ করেনি, তাকে জুনে প্রোমোশন দেয়া হবে না। যেসব শিক্ষার্থীর জুনে প্রোমোশন হবে না তাদের পরবর্তী গ্রেডে প্রোমোশনের জন্য অবশ্যই সামার স্কুলে অংশ নিতে হবে।
- কোন পরিবারের শিক্ষার্থী যদি পরবর্তী গ্রেডে প্রোমোশন না পায় এবং তার সামার স্কুলে যাওয়া বাধ্যতামূলক হয়, তাহলে 18 জুনের সপ্তাহে পরিবার একটি চিঠি পাবে। এই চিঠিতে সামার স্কুল শুরুর তারিখ এবং স্থানের উল্লেখ থাকবে।
- আপনি যদি জানতে চান আপনার সন্তান সামার স্কুল ক্লাসের জন্য সূচিভুক্ত কিনা, আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করতে পারেন।

অগাস্টে আমার সন্তানকে প্রোমোশন দেয়া হবে কি হবে না স্কুলগুলো কীভাবে সে সিদ্ধান্ত নেয়?

- স্কুলগুলি শিক্ষার্থীর সামার স্কুলের কাজ এবং মূল্যায়ন পর্যালোচনার পাশাপাশি স্কুল বছরের কাজও দেখবে। এই পর্যালোচনা নির্ধারণ করে শিক্ষার্থীগণ পরবর্তী গ্রেড স্তরের প্রস্তুতি প্রদর্শন করে কিনা।

সামার স্কুলে আমার সন্তানকে কি কোন টেস্ট দিতে হবে?

- এলিমেন্টারি এবং মিডল্ স্কুল শিক্ষার্থীদেরকে অগাস্টে কোন টেস্ট দিতে হবে না।

সামার স্কুল শেষ করার পর পরবর্তী গ্রেড স্তরে আমার সন্তানকে প্রোমোশন দেয়া হয়েছে কিনা সেটি আমি কীভাবে জানবো?

- **20 অগাস্টের** সপ্তাহে আপনি প্রোমোশনের সিদ্ধান্তের **চিঠি পাবেন**। এই চিঠিতে পরবর্তী স্কুল বছরের জন্য আপনার সন্তানের গ্রেড স্তর উল্লিখিত থাকবে।
- প্রোমোশনের সিদ্ধান্তে আপনি যদি সন্তুষ্ট না হন, তাহলে **27 অগাস্ট** থেকে আপনার সন্তানের প্রিন্সিপ্যালের কাছে আপনি একটি লিখিত আপিল আবেদন জমা দিতে পারেন। সুপারিনটেনডেন্ট আপনার সন্তানের গ্রেড স্তরের ব্যাপারে আপিল পর্যালোচনা করবেন এবং চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

প্রমোশন (9-12 গ্রেড)

আমার সন্তানকে সামার স্কুলে যেতে হবে কি-না, আমি তা কী করে জানবো?

- শিক্ষার্থীদের ক্রেডিট সংগ্রহ এবং রিজেন্টস্ পরীক্ষায় পাসের ভিত্তিতে প্রিন্সিপ্যালগণ প্রোমোশনের সিদ্ধান্ত গ্রহণ করেন।
- কোন পরিবারের শিক্ষার্থী যদি পরবর্তী গ্রেডে প্রোমোশন না পায় এবং তার সামার স্কুলে যাওয়া বাধ্যতামূলক হয়, তাহলে **18 জুনের** সপ্তাহে পরিবার একটি চিঠি পাবে। এই চিঠিতে সামার স্কুল শুরুর তারিখ এবং স্থানের উল্লেখ থাকবে।
- আপনি যদি জানতে চান আপনার সন্তান সামার স্কুল ক্লাসের জন্য সূচিভুক্ত কিনা, আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করতে পারেন।

সামার স্কুলে আমার সন্তানকে কি কোন টেস্ট দিতে হবে?

- হাই স্কুলের শিক্ষার্থীদের **16 এবং 17 অগাস্টে** রিজেন্টস্ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকে।

একটি NYC স্কুল অ্যাকাউন্ট দিয়ে পিতামাতা বা অভিভাবক তাদের সন্তানের প্রোমোশনের সিদ্ধান্ত, গ্রেড, মূল্যায়নের তথ্য কম্পুটার, ফোন অথবা ট্যাবলেটে দশটি ভাষায় দেখতে পারেন। আপনার যদি ইতোমধ্যে একটি NYC স্কুলস একাউন্ট থাকে, অথবা রেজিস্টার করতে আগ্রহী হন, তাহলে http://mystudent.nyc ওয়েবসাইটে যান।

ভর্তি

আমি সন্তানকে কীভাবে সামার স্কুলে ভর্তি করতে পারি?

- আপনার সন্তান যদি নিউ ইয়র্ক সিটির কোন পাবলিক স্কুলে যায় এবং তাকে যদি সামার স্কুলে যেতে সুপারিশ করা হয়, তাহলে আপনাকে একটি চিঠি দিয়ে কোথায় ও কখন সামার স্কুলের যেতে হবে, তা জানিয়ে দেওয়া হবে।
- আপনার সন্তান সামার স্কুলে যাবে, সেটা জানাতে এটি **26 জুনের** মধ্যে আপনার সন্তানের স্কুলে ফেরত পাঠান। সামারের সময় পরিবারগুলি যেখানে থাকবে তার কাছের কোন সামার স্কুলে অংশগ্রহণের সুযোগ বেছে নিতে পারে।

ভর্তি এবং আবশ্যিক কাগজপত্রের জন্য, দেখুন: www.nyc.gov/schools/ChoicesEnrollment/NewStudents

- নিউ ইয়র্ক সিটির **নতুন অধিবাসীগণ** যদি তাদের বাসস্থান সংক্রান্ত যথাযথ কাগজপত্র থাকে এবং তারা যোগ্যতার মাপকাঠি পূরণ করে তাহলে তারা বিনা বেতনে সামার স্কুলে অংশগ্রহণের যোগ্য। এটি নিউ ইয়র্ক সিটির অস্থায়ী বাসিন্দাদের বেলায়ও প্রযোজ্য যারা সামারে সফরে এসেছে (এবং বর্তমানে NYC পাবলিক স্কুল সিস্টেমে রেজিস্টারড্ নয় এবং 2018-19 স্কুল বছরে এনরোল করবে না।) শিক্ষার্থী যে স্কুলে ভর্তি হতে আগ্রহী সেখানে **মধ্য-জুন থেকে 26 জুন এবং 5 জুলাই** তারিখে (সামার স্কুলের প্রথমদিন) সশরীরে উপস্থিত হয়ে ভর্তি হতে পারে। পিতামাতা অথবা অভিভাবকগণ অবশ্যই শিক্ষার্থীর বর্তমান অথবা পূর্বের স্কুল থেকে তার রিপোর্ট কার্ডের কপি অথবা ট্রান্সক্রিপ্ট (যদি প্রযোজ্য হয়) জমা দেবেন। যেসব শিক্ষার্থী আত্মনির্ভরশীল তারা ওইসব রেকর্ডপত্র (প্রযোজ্য হলে) নিজেরাই দিতে পারে।
- **নন-পাবলিক** (**যেমন প্রাইভেট/ধর্মীয় স্কুলের শিক্ষার্থীগণ**) এবং **চার্টার স্কুলের শিক্ষার্থীরাও** অংশগ্রহণের যোগ্য – যদি তারা যোগ্যতার মাপকাঠি পূরণ করে এবং তাদের ডিস্ট্রিক্টের যেকোন উন্মুক্ত স্কুলে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে রেজিস্টার করে। পিতামাতা অথবা অভিভাবক (অথবা আত্মনির্ভরশীল শিক্ষার্থী, প্রযোজ্য হলে) অবশ্যই রেজিস্ট্রেশনের জন্য একটি এনরোলমেন্ট আবেদনের ফরম পর্যালোচনা এবং পূরণ করবে এবং রিপোর্ট কার্ড এবং/অথবা ট্র্যান্সক্রিপ্টের কপি (যদি থাকে) ডিস্ট্রিক্ট স্কুলে জমা দেবেন। শিক্ষার্থীর হোম স্কুল কর্তৃক ভর্তির ফরম প্রদান করা হবে। এটি অবশ্যই শিক্ষার্থীর হোম স্কুলের প্রিন্সিপ্যাল কর্তৃক স্বাক্ষরকৃত হতে হবে। আবেদনকারীগণ **মধ্য-জুন থেকে 26 জুন** এবং **5 জুলাই** তারিখে (সামার স্কুলের প্রথমদিন) রেজিস্টার করতে পারে।
- **অনাবাসী শিক্ষার্থীগণ** (যারা নিউ ইয়র্ক সিটির অধিবাসী নয়) তারা যদি মাপকাঠির যোগ্যতা পূরণ করে, বেতন দেয়, এবং তাদের নির্বাচিত কর্মসূচিতে আসন থাকে, তাহলে সামার স্কুলের যোগ্য। ভর্তির আবেদনপত্র ডিওই-র ওয়েবসাইটে পাওয়া যাবে: http://schools.nyc.gov/summer.

সামার স্কুলে আসন লভ্য কিনা সেসম্পর্কিত তথ্য পেতে পরিবারগুলির তাদের সন্তানের স্কুলে যোগাযোগ করা উচিত।

যদি আসন লভ্য হয়, রেজিস্টারকারী পিতামাতাকে তাদের স্বাক্ষরকৃত আবেদনের ফরম টুইশনের অর্থসহ নিচে ঠিকানায় পাঠাতে হবে:

Bureau of Non-Public School Payables
Attn: Brenda Antoine
65 Court Street, Room 1001
Brooklyn, NY 11201

- আসন লভ্যতার ভিত্তিতে শিক্ষার্থীগণ সামার স্কুলে আসন পাবে।

এ বছর সামার স্কুল কোথায় দেয়া হবে?

- ডিওই-র সামার স্কুল সার্চ উপকরণটি ব্যবহার করে সামার স্কুলের ঠিকানাগুলি পাওয়া যেতে পারে: http://schools.nyc.gov/summer.

সামার স্কুলে কি আমার সন্তানের তার সুবিধাসমূহ পাবার অধিকার আছে?

- ব্যক্তিক শিক্ষা কর্মসূচিযুক্ত (IEPs) শিক্ষার্থী, অনুমোদিত 504 পরিকল্পনার শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীগণ (ELLs) সামার স্কুল মূল্যায়নের সময় একই সুবিধা লাভ করবে যা তারা নিয়মিত স্কুল বছরের সময় তাদের IEP, 504 পরিকল্পনা অথবা তাদের অধিকারের ভিত্তিতে পেয়ে থাকে।

ELL পরীক্ষায় বিশেষ সুবিধা সম্পর্কিত আরও তথ্যের জন্য, dellss@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

যেসব শিক্ষার্থীর পরিবারের স্পেশাল এডুকেশন পরিষেবার আবশ্যিকতা রয়েছে তাদের আরও তথ্যের জন্য শিক্ষার্থীর IEP টিমের সাথে যোগাযোগ অথবা specialeducation@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করা দরকার।

পরিবহন

সামারে কি পরিবহন প্রদান করা হয়?

- নিয়মিত স্কুল বছরের মতো রেজিস্টারকৃত শিক্ষার্থীরা সামার স্কুলেও একই ধরনের পরিবহন পাবে। যদি কোন শিক্ষার্থী মেট্রোকার্ড ব্যবহার করে, সে তার সামার স্কুল ঠিকানার ট্র্যান্সপোর্টেশন কোঅর্ডিনেটরের কাছে সেটি চাইতে পারে। নিয়মিত স্কুল বছরের সময় যেসকল শিক্ষার্থী ইয়েলো বাস স্টপ ব্যবহার করে তারা সামার স্কুল ঠিকানায় যাবার জন্য একই স্টপ ব্যবহার করবে।
- নিয়মিত স্কুল বছরের সময় যারা পরিবহন সুযোগ লাভের যোগ্য নয় কিন্তু তারা এমন কোন সামার স্কুলে অংশগ্রহণ করে যা তাদের বছরব্যাপী স্কুলের চেয়ে আধা মাইলের অধিক দূরে, সেক্ষেত্রে তাদেরকে তাদের নিয়মিত স্কুল থেকে সামার স্কুলে নেয়া-আনার জন্য একটি সাটল্ স্টপ অ্যাসাইন করা হতে পারে। সামার ক্লাস শুরু হবার আগে পিতামাতাগণ তাদের সন্তানের হোম স্কুল অথবা সামার স্কুলের সাথে যোগাযোগ করতে পারেন।